দৈনিক সংবাদ

তারিখ ...

পৃষ্ঠা ৮ কলাম ৩

Sep. 18 2002

# কৃতী ছাত্রছাত্রীদের মধ্যে বৃত্তি প্রদান অনুষ্ঠান

পলাশ থেকে সংবাদদাতা ঃ পলাশ থানাধীন জিনারদী সানফ্লাওয়ার কিন্ডারগার্টেনের ২০০১/২০০২ সালে অনুষ্ঠিত বাংলাদেশ প্রি ক্যাডেট কিন্ডারগার্টেন স্কুল ওয়েল ফেয়ার অ্যাসোসিয়েশন কর্তৃক কৃতী ছাত্রছাত্রীদের মধ্যে বৃত্তি প্রদান, সনদ বিতরণ উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অত্র প্রতিষ্ঠানের পরিচালনা কমিটির সভাপতি অধ্যাপক আবদুল বাছেদ মিঞা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপদেষ্টা পরিষদের সদস্য ও এলাকার বিশিষ্ট সমাজকর্মী আবদুল মান্নান ভুঞা. বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপদেষ্টা পরিষদের সদস্য রোকেয়া বেগম। অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রতিষ্ঠানের সহ-সভাপতি ডা. বিজয় কুমার বণিক, পরিচালক দেলোয়ার হোসেন, পরিচালক আবজু মিয়া, প্রতিষ্ঠানের প্রিন্সিপাল শিতরঞ্জন বণিক। অভিভাবকদের মধ্যে বক্তব্য রাখেন সাফিজ উদ্দীন, নাসির উদ্দীন ও প্রাণকৃষ্ণ দত্ত। ২০০১ সালে প্রতিষ্ঠান থেকে বৃত্তি পায় ঝুমা রানী বণিক ও পলি রানী বণিক। ২০০২ সালে প্রতিষ্ঠান থেকে বৃত্তি পায় জুঁই রানী বণিক, রওনক জাহান, মাহমুদা আক্তার ঝুমু ও আজিজুর রহমান।